44

দৈনিক বাংলা

তারিখ ... 15 FEB 1997 ...
পৃষ্ঠা ৭ কলাম ৩ ...

# ইসলামী ভার্সিটিতে ৯৫২টি আসনে ২৫ হাজার আবেদন

কুষ্টিয়া (পিপ) ঃ ইসলামী বিশ্ববিদ্যালয়ে ১৯৯৬-৯৭ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তি পরীক্ষা আসামী ১৫ ফেব্রুয়ারী থেকে শুরু হবে বলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানান।

এ শিক্ষা বর্ষে আবেদনকারীর সংখ্যা প্রায় ২৫ হাজার। এর মধ্যে মাত্র ৯৫২ জন ছাত্র-ছাত্রী বিভিন্ন বিভাগে ভর্তির সুযোগ লাভ করবে। বাকী ২৩ হাজার ৭ শত ৪ জন শিক্ষার্থী ভর্তির সুযোগ থেকে বঞ্চিত হবে।

এ বছর বিশ্ববিদ্যালয়ের পাঁচটি অনুষদের মোট ১৫টি বিভাগকে ছয়টি ইউনিটে বিভক্ত করে পরীক্ষা নেয়া হবে। মোট ৯৫২টি আসনের জন্য আবেদনপত্র জমা পড়েছে ২৪ হাজার ৬শ ৫৬টি। অর্থাৎ প্রতিটি আসনের জন্য ২৬ জন ছাত্র-ছাত্রীর মধ্যে প্রতিদ্বন্দ্বিতা হবে।